



ক্যাম্পাস

বিএসএমআরএএইউয়ে যোগ দিলেন নতুন উপাচার্য

নিজস্ব প্রতিবেদক ঢাকা

বিএসএমআরএএইউয়ে উপাচার্য হিসেবে যোগ দিয়েছেন এ কে এম মনিরুল বাহার ছবি : বিজ্ঞপ্তি

By using this site, you agree to our Privacy Policy. OK

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ের (বিএসএমআরএএইউ) নতুন উপাচার্য হিসেবে যোগ দিয়েছেন এয়ার ভাইস মার্শাল এ কে এম মনিরুল বাহার, বিএসপি, এনডিসি, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি, এডিডব্লিউসি।

বিদায়ী উপাচার্য এ এস এম ফকরুল ইসলাম, ওএসপি, জিইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি তাঁর দায়িত্বভার ২৭ জানুয়ারি এক অনুষ্ঠানের মাধ্যমে নতুন উপাচার্যকে হস্তান্তর করেন। নতুন উপাচার্য সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেন এবং বিএসএমআরএএইউকে বিমান ও মহাকাশ গবেষণার উৎকর্ষ কেন্দ্রে পরিণত করতে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে কাজ চালিয়ে যাওয়ার আহ্বান জানান।

এ কে এম মনিরুল বাহার ন্যাশনাল ডিফেন্স কলেজ থেকে এনডিসি কোর্স সম্পন্ন করেন। তিনি ডিফেন্স স্টাডিজ এবং ন্যাশনাল ডিফেন্স কলেজ থেকে সিকিউরিটি স্টাডিজ মাস্টার্স সম্পন্ন করেন। তিনি ভারতের কলেজ অব ডিফেন্স ম্যানেজমেন্ট থেকে হায়ার ডিফেন্স ম্যানেজমেন্ট কোর্স সম্পন্ন করেন। তিনি ডিফেন্স সার্ভিসেস কমান্ড অ্যান্ড স্টাফ কলেজের একজন গ্র্যাজুয়েট। বিজ্ঞপ্তি



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.